গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
কানাইঘাট,সিলেট
kanaighat&uhfpo.dghs.gov.bd

উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ইং মাসে অনুষ্ঠিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,কানাইঘাট,সিলেট।

সভাপতি ঃ জনাব মোছাঃ খাদিজা বেগম,ভাইস চেয়ারম্যান(মহিলা),কানাইঘাট,সিলেট।
তারিখ ঃ ০৯/১২/২০২৩ইং
সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হল রুম।
সভার উপস্থিত সদস্যদের তালিকা ঃ কমিটির সদস্যগণের সভার হাজিরা খাতায়।
সভায় অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ কমিটির সদস্যগণের সভার হাজিরা খাতায়।

সভাপতি মহোদয় জনাব মোছাঃ খাদিজা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা),কানাইঘাট,সিলেট সভার শুরুতে পবিত্র কোরআন তিলাওয়াত এবং পবিত্র গীতা পাঠ করার পর সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নলিখিত বিষয়াদি নিয়ে আলোচনা করা হয়।

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ | সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে বিগত মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করেন কমিটির সদস্য সচিব উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা। | কার্যবিবরণী অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | কার্যবিবরণী সভাপতি মহোদয় কর্তৃক অনুমোদিত হয়। |
| ০২ | ১৬ ডিসেম্বর বিজয় দিবস নিয়ে আলোচনা | সভাপতি মহোদয় আগামী ১৬ ডিসেম্বর দিবস পালন সর্ম্পকে আলোচনা কালে বলেন যে, ঐ দিন সূর্যোদয়ের সাথে সাথে উপজেলা কেন্দ্রীয় শহিদ মিনারে এবং জাতির জনকের ম্যুরালে পুস্পস্তক অর্পন করা হবে। | বিজয় দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় শহিদ মিনারে এবং জাতির জনকের ম্যুরালে পুস্পস্তবক অর্পন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | স্থায়ী কমিটির সভাপতি সহ সকল সদস্য বৃন্দ এবং অত্র হাসপাতালে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। |
| ০৩ | হাসপাতালের ঘাট সংস্কার নিয়ে আলোচনা | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় উক্ত বিষয়ে আলোচনা কালে জানান যে, অত্র হাসপাতালের পুকুরঘাট সংস্কার ব্যাপারে অনেক বার স্বাস্থ্য প্রকৌশলী,সিলেটের নিকট পত্র প্রেরণ করা হয়েছে কিন্তু অদ্যাবধি কোন ব্যবস্থ্য হচ্ছে না তাই উপজেলা পরিষদের তহবিল হতে অর্থ বরাদ্ধ পূর্বক হাসপাতালের ঘাট সংস্কার করা যেতে। এ সময় সভাপতি মহোদয় বলেন যে, এ ব্যাপারে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় আলোচনা করে ব্যবস্থ্য নিতে হবে। | ৫০ শয্যা চলুকরণ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | স্থায়ী কমিটির সভাপতি সহ সকল সদস্য বৃন্দ। |
| ০৪ | পরিস্কার পরিচ্ছন্নতা নিয়ে আলোচনা | সভাপতি মহোদয় হাসপাতলের ওয়ার্ড সমূহ পরিস্কার পরিচ্ছন্ন দেখে সন্তোষ প্রকাশ করেন। কিন্তু ৫০ শয্যা বর্ধিত করণের নিমিত্তে নির্মিত বিল্ডিংটির ২য় তলা এবং ৩য় তলা অরিস্কার দেখে অসন্তোষ প্রকাশ করেন এবং উক্ত ব্যাপারে হাসপাতাল কর্তৃপক্ষের নিকট এর কারণ জানতে গেলে হাসপাতাল কর্তৃপক্ষ বলেন যে, হাসপাতালে পরিচ্ছন্নতাকর্মীর ৫(পাঁচ)টি পদ রয়েছে এবং ঐ ০৫ (পাঁচ)টি পদই শূন্য রয়েছে। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে, বর্তমানে ২ জন পরিচ্ছন্নতাকর্মী দিয়ে সম্পূর্ণ হাসপাতাল কিভাবে ভালভাবে পরিস্কার রাখা যাবে। এক্ষেত্রে সভা আলোচনা করে বলেন যে, আউটসোর্সিং মাধ্যমে আরও ২ জন লোক নিয়োগ করলে পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখা যাবে। | হাসপাতাল পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রয়োজন আর ও ২/৩জন লোক আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি ও সদস্য সচিব। |

১০/১২/২০২৩

মোছাঃ খাদিজা বেগম
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ
কানাইঘাট,সিলেট।
তারিখঃ ১০/১২/২০২৩ইং

স্মারক নং-উস্বাক/কানাই/২০২২/ ৪৬৭/১২

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য
০১। জনাব আলহাজ্ব হাফিজ মজুমদার,মাননীয় সংসদ্য সদস্য,২৩৩-সিলেট-৫
০২। সচিব,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। মহা-পরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
০৪। পরিচালক(স্বাস্থ্য) সিলেট বিভাগ,সিলেট।
০৫। সিভিল সার্জন,সিলেট।
০৬। উপজেলা চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট।
অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।
০৫-১৬। উপজেলা ........................................................................................ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট।

১৭/১২/২০২৩
১০/১২/২০২৩ইং

ডাঃ সুবল চন্দ্র বর্মন
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

CS CamScanner

## উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটি উপস্থিতি স্বাক্ষর

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ | [signature] |
| ০২ | জনাব মোঃ আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান ০৫নং বড়চতুল ইউ/পি | |
| ০৩ | জনাব মোঃ তমিজ উদ্দিন | চেয়ারম্যান ০১ নং লক্ষীপ্রসাদ ইউ/পি | |
| ০৪ | জনাব মোঃ আবু তাহির | চেয়ারম্যান ০৪ নং সাতবাঁক ইউ/পি | [signature] |
| ০৫ | জনাব ডাঃ সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | [signature] |